পাঁচ বছর একদিনও স্কুলে অনুপস্থিত নয়, ক্রীড়ায়ও তৃতীয়বার চ্যাম্পিয়ন তুবা

ঢাকার গাইডেন্স ইন্টারন্যাশনাল ইংলিশ মিডিয়াম স্কুলের গ্রেড-৪ এর শিক্ষার্থী তাসনিয়া তুবা টানা পাঁচ বছর একদিনও বিদ্যালয়ে অনুপস্থিত না থেকে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। পাশাপাশি বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় একই ইভেন্টে টানা তৃতীয়বারের মতো চ্যাম্পিয়ন হয়েছে সে।

এ দুটি কৃতিত্বের স্বীকৃতি হিসেবে আজ সোমবার বিদ্যালয় পরিচালনা কমিটির পক্ষ থেকে তুবার হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেওয়া হয়।

বিদ্যালয়ের শিক্ষক, পরিচালনা কমিটির সদস্য ও শিক্ষার্থীদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে তাকে পুরস্কৃত করা হয়।

বিদ্যালয় সূত্রে জানা গেছে, তাসনিয়া তুবা গত পাঁচ বছরে নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থেকেছে। কোনো দিন অনুপস্থিত না থাকার পাশাপাশি পড়াশোনার সঙ্গে সহশিক্ষা কার্যক্রমেও সক্রিয় অংশগ্রহণ করে আসছে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় তার ধারাবাহিক সাফল্যও এর প্রমাণ।

তুবার এ অর্জনে বিদ্যালয়ের শিক্ষক ও সহপাঠীদের মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে। বিদ্যালয় কর্তৃপক্ষ তার নিয়মিত উপস্থিতি, শৃঙ্খলা ও ক্রীড়াক্ষেত্রে ধারাবাহিক সাফল্যের প্রশংসা করেছে।

তাসনিয়া তুবা মোস্তফা আমজাদ (সাইফুল) ও তানিয়া লাবণ্যর মেয়ে। তার দাদা মেহেরপুরের জ্যেষ্ঠ সাংবাদিক তোজাম্মেল আযম। পরিবারের সদস্যরা তুবার এ অর্জনে আনন্দ ও গর্ব প্রকাশ করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) সকালে জেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন টুর্নামেন্টের পৃষ্ঠপোষক, ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক ও ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম. এ. মজিদ।

এছাড়াও উপস্থিত ছিলেন টুর্নামেন্টের সদস্য সচিব জাহিদুজ্জামান মনা, নির্বাহী সদস্য ও জেলা বিএনপির সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, আয়ুব হোসেন রানা, মাহবুবুর রহমান, বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামানসহ অন্যান্য নেতৃবৃন্দ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, আগামী ৮ আগস্ট (শনিবার) বিকেল ৩টায় জেলা পরিষদ প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

এ সময় আয়োজকরা জানান, ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক এবং প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব রাশেদ খানের সম্মতি পাওয়া গেছে।

জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এম. এ. মজিদ বলেন, খেলাটি সকল দর্শকের জন্য উন্মুক্ত এবং বিনামূল্যে উপভোগ করা যাবে। তিনি জেলার সর্বস্তরের মানুষকে মাঠে এসে ফাইনাল খেলা উপভোগ করার আহ্বান জানান।

মেহেরপুরের শ্যামপুরে তরুণ

খেলোয়াড়দের মাঝে ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের নতুন মদনাডাঙ্গা এলাকায় খেলোয়াড়দের মাঝে ফুটবল বিতরণ করা হয়েছে।

সোমবার (৩ আগস্ট) বিকেলে শ্যামপুর ইউনিয়নের রাজনৈতিক সেক্রেটারি ও চেয়ারম্যান পদপ্রার্থী আজমাইন হোসেন এলাকার ফুটবলপ্রেমী তরুণ খেলোয়াড়দের হাতে ফুটবল তুলে দেন। এ সময় তিনি যুবসমাজকে মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী হওয়ার আহ্বান জানান।

ফুটবল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৫ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি জাহিদুল ইসলাম বাবলু, রাজনৈতিক সেক্রেটারি আফজাল হোসেন, ব্যবসায়ী আলিম ফরাজীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ফুটবলপ্রেমী খেলোয়াড়রা।

স্থানীয় খেলোয়াড়রা ফুটবল উপহার পেয়ে আনন্দ প্রকাশ করেন এবং এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার দাবি জানান। অনুষ্ঠানে বক্তারা বলেন, খেলাধুলা তরুণদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং সামাজিক সম্প্রীতি বৃদ্ধি করে।

পৌর একাদশকে টাইব্রেকারে হারিয়ে চ্যাম্পিয়ন সদর উপজেলা একাদশ

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সদর উপজেলা একাদশ।

শনিবার বিকেলে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত ফাইনালে তারা টাইব্রেকারে ৩-০ গোলে মেহেরপুর পৌর একাদশকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

নির্ধারিত সময়ের খেলায় উভয় দলই একাধিক আক্রমণ পরিচালনা করে গোলের সুযোগ সৃষ্টি করলেও কোনো দলই জালের দেখা পায়নি। ফলে ম্যাচটি গোলশূন্য ড্র হলে ফল নির্ধারণে গড়ায় টাইব্রেকারে।

টাইব্রেকারে সদর উপজেলা একাদশের হয়ে হিমেল, মাহফুজ ও কিরণ সফলভাবে গোল করেন। অন্যদিকে পৌর একাদশের হয়ে সাব্বির, রোকন ও সেলিম শট নিলেও গোলরক্ষক লাকি সাব্বির ও রোকনের শট দারুণ দক্ষতায় রুখে দেন। সেলিমের নেওয়া তৃতীয় শটটি গোলবারের বাইরে চলে গেলে সদর উপজেলা একাদশের খেলোয়াড় ও সমর্থকদের উল্লাসে স্টেডিয়াম মুখরিত হয়ে ওঠে।

খেলা শেষে প্রধান অতিথি জেলা প্রশাসক শিল্পী রানী রায় বিজয়ীদের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন। এ সময় শিমুলকে ম্যান অব দ্য ফাইনাল, শামীমকে ম্যান অব দ্য টুর্নামেন্ট, লাকিকে সেরা গোলরক্ষক এবং হিমেলকে সর্বোচ্চ গোলদাতা হিসেবে পুরস্কৃত করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, মাঠে বিপুলসংখ্যক দর্শকের উপস্থিতি প্রমাণ করে মানুষ এখনও খেলাধুলার প্রতি আগ্রহী। আগামী ৯ আগস্ট প্রধানমন্ত্রী “প্রাইম মিনিস্টার গোল্ডকাপ” টুর্নামেন্ট উদ্বোধন করবেন। আমরা সবাই স্বতঃস্ফূর্তভাবে খেলায় অংশগ্রহণ করব এবং তা উপভোগ করব। আজকে যারা জয়লাভ করেছে তাদেরকে অভিনন্দন জানাচ্ছি এবং যারা জিততে পারেনি তাদেরকে আমরা শুভেচ্ছা জানাচ্ছি। খেলাই একদল জিতবে একদল হারবে এটাই স্বাভাবিক। খেলাধুলা আমাদের অন্যতম একটা বিষয় শিখায় শৃঙ্খলাবোধ। খেলাধুলা সহ আমরা সকল কাজে শৃঙ্খলাবদ্ধ হয়ে কাজ করব এবং যে কোন কাজে হেরে গেলে সেখান থেকে আবার কিভাবে নতুন নতুন উদ্দীপনা নিয়ে ঘুরে দাঁড়াতে হয় কাজ করতে হয় সেটাও আমরা শিখব।

এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম ফাইনাল ম্যাচের আনুষ্ঠানিক উদ্বোধন করেন এবং দুই দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। খেলা শুরুর আগে মেহেরপুর জেলার প্রয়াত প্রাক্তন ফুটবলারদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রকাশক জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, অতিরিক্ত

পুলিশ সুপার মেহেদী হাসান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, শেখ তৌহিদুল কবীর ও ভুবেন চন্দ্র হালদার, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা জামায়াতে ইসলামীর রাজনৈতিক সম্পাদক কাজী রুহুল আমিন, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন, সাবেক সম্পাদক অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সদস্য আব্দুস সালাম, প্রাক্তন ফুটবলার মাসুদ করিম ধলস, আবু ইউসুফ মিরন ও এমদাদুল হক, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, ক্রিকেট কাউন্সিলর হাসিবুজ্জামান স্বপনসহ বিপুলসংখ্যক দর্শক।

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের জেলা পর্যায়ের প্রতিযোগীতার উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী খেলায় মুজিবনগর উপজেলাকে ৪-১ গোলে হারিয়ে সদর উপজেলা একাদশ ফাইনালে উঠেছে। আগামী ১ আগষ্ট শনিবার ফাইনালে ২য় খেলার বিজয়ী দলের মুখোমুখি হবে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়ামে প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. নজরুল কবীর, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর পৌর ডিগ্রি

কলেজের অধ্যক্ষ ও উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ উদ্দিন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রাকিবুল হাসান, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, এস্তামুল হক ও ভুবন চন্দ্র হালদার এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান।

উদ্বোধনী ম্যাচে মেহেরপুর সদর উপজেলা ৪-১ গোলে মুজিবনগর উপজেলাকে পরাজিত করে টুর্নামেন্টে শুভ সূচনা করে। বিজয়ী দলের পক্ষে হিমেল জোড়া গোল করেন। এছাড়া কিরণ ও মিরাজ একটি করে গোল করেন। মুজিবনগর উপজেলার পক্ষে একমাত্র গোলটি করেন সাকিব।

দুর্দান্ত নৈপুণ্য প্রদর্শনের জন্য হিমেল ম্যাচ সেরা (ম্যান অব দ্য ম্যাচ) নির্বাচিত হন। তার অসাধারণ পারফরম্যান্সে মেহেরপুর সদর উপজেলা বড় জয় নিয়ে টুর্নামেন্টে যাত্রা শুরু করে।

মেঘলা আবহাওয়া সত্ত্বেও জেলা স্টেডিয়ামের গ্যালারিতে দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। উদ্বোধনী অনুষ্ঠান ও ম্যাচ ঘিরে ফুটবলপ্রেমীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে।

আজ জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট

মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে টুর্নামেন্টের সব খেলা মেহেরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন স্বাক্ষরিত সূচি অনুযায়ী, আজ বিকেলে উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা একাদশ।

আগামী ৩১ জুলাই দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে মেহেরপুর পৌরসভা একাদশ ও গাংনী উপজেলা একাদশ। দুটি সেমিফাইনালে বিজয়ী দল

আগামী ১ আগস্ট ফাইনাল খেলায় অংশ নেবে।

টুর্নামেন্টকে ঘিরে জেলার ফুটবলপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। আয়োজকরা জানিয়েছেন, প্রতিটি ম্যাচে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলা উপভোগ করবেন দর্শকরা। জেলার চারটি শক্তিশালী দল নিয়ে আয়োজিত এ টুর্নামেন্টের সফল আয়োজনের জন্য ইতোমধ্যে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

নতুন কুঁড়ি স্পোর্টসে জাতীয় পর্যায়ে শৈলকুপার তিন কিশোরীর সাফল্য

জাতীয় শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতা ‘নতুন কুঁড়ি স্পোর্টস এর জাতীয় পর্যায়ে কাবাডি খেলায় উজ্জ্বল সাফল্য অর্জন করেছে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার তিন কিশোরী।

খুলনা অঞ্চলের বালিকা কাবাডি দলের হয়ে অংশ নিয়ে তারা জেলার জন্য গৌরব বয়ে এনেছে। সাফল্য অর্জনকারী তিন শিক্ষার্থী হলেন কাতলাগাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের জিনিয়া খাতুন,মীম খাতুন এবং সুমাইয়া ইয়াসমিন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো.আনিসুজ্জামানের তত্ত্বাবধানে তারা ঢাকার মিরপুৃর স্টেডিয়ামে অনুষ্ঠিত জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

প্রতিযোগিতায় দুর্দান্ত নৈপুণ্য প্রদর্শন করে খুলনা অঞ্চল বালিকা কাবাডি দল জাতীয় পর্যায়ে রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে।

ফাইনাল ম্যাচে অসাধারণ পারফরম্যান্সের জন্য শৈলকুপার জিনিয়া খাতুন ‘ম্যান অব দ্য ম্যাচ’ নির্বাচিত হন। তার এই অর্জন জেলার ক্রীড়াঙ্গনে নতুন এক গর্বের অধ্যায় হিসেবে বিবেচিত হচ্ছে। প্রতিযোগিতায় রংপুর অঞ্চল চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব অর্জন করে।

তিন শিক্ষার্থীর এই সাফল্যে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন ঝিনাইদহের জেলা প্রশাসক মো.নোমান হোসেন এবং জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ।

তারা আশা প্রকাশ করেন,এ ধরনের অর্জন জেলার অন্যান্য শিক্ষার্থীদের খেলাধুলায় আরও আগ্রহী করে তুলবে এবং ভবিষ্যতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ঝিনাইদহের প্রতিনিধিত্ব আরও শক্তিশালী হবে।

জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ বলেন, প্রত্যন্ত এলাকার একটি বিদ্যালয় থেকে উঠে এসে জাতীয় পর্যায়ে এমন সাফল্য অর্জন শুধু কাতলাগাড়ী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের জন্য নয়,পুরো শৈলকুপা ও ঝিনাইদহ জেলার জন্যই গর্বের বিষয়।

মেহেরপুর জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবলের জেলা পর্যায়ের সমসূচি প্রকাশ

মেহেরপুর সদর, মুজিবনগর, গাংনী উপজেলা চ্যাম্পিয়ন ও মেহেরপুর পৌরসভা একাদশ নিয়ে জেলা পর্যায়ে জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্ণামেন্টের সময়সূচি প্রকাশ করেছে জেলা ক্রীড়া সংস্থা।

জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন স্বাক্ষরিত সময়সূচিতে জানানো হয়েছে, ৩০ জুলাই বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সদর বনাম মুজিবনগর উপজেলা, ৩১ জুলাই মেহেরপুর পৌরসভা বনাম গাংনী উপজেলার খেলা অনুষ্ঠিত হবে।

দুটি খেলার বিজয়ী দল দুটিকে নিয়ে ১ আগষ্ট হবে ফাইনাল খেলা।

খেলা তিনটিই মেহেরপুর স্টেডিয়াম অনুষ্ঠিত হবে বলে সময়সূচিতে জানানো হয়েছে।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ৩ নম্বর বাগোয়ান ইউনিয়ন পরিষদের উদ্যোগে ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্লাব ও ওয়ার্ড পর্যায়ে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে।

২০২৫-২৬ অর্থবছরের উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে যুবসমাজকে খেলাধুলায় উৎসাহিত করা এবং স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের তরুণদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে এ কর্মসূচির আয়োজন করা হয়।

বৃহস্পতিবার সকালে বাগোয়ান ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান (প্যানেল চেয়ারম্যান) সোহরাব হোসেন।

এ সময় পরিষদের ওয়ার্ড সদস্যরা, জামায়াতে ইসলামীর প্রতিনিধি, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, বিভিন্ন ক্লাবের প্রতিনিধি এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও ওয়ার্ড পর্যায়ের দায়িত্বপ্রাপ্তদের হাতে ফুটবল, ক্রিকেট ব্যাটসহ বিভিন্ন ধরনের ক্রীড়া সামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, “তরুণ সমাজকে মাদক, আসক্তি ও অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে খেলাধুলার কোনো বিকল্প নেই। এ ধরনের উদ্যোগ গ্রামীণ এলাকায় খেলাধুলার চর্চা বাড়ানোর পাশাপাশি শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

উপস্থিত শিক্ষক ও ক্লাব প্রতিনিধিরা ইউনিয়ন পরিষদের এ জনকল্যাণমূলক ও তরুণবান্ধব উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও

□ □□□□□ □□□□□□ □□□□□□□ □□□□□ □□□□□□ □□□□□□